

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

তাগিদপত্র

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২৫২

তারিখ: ৭ কার্তিক ১৪২৫

২২ অক্টোবর ২০১৮

বিষয়: আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা এর মতিঝিল, বনশ্রী এবং মুগদা শাখায় ২০১৮ সালের ২য় ও ৩য় শ্রেণিতে ভর্তি পরীক্ষার খাতায় ঘষামাজা সংক্রান্ত।

সূত্র: ১) অত্র বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২২১, তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০১৮।

২) অত্র বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২২৯, তারিখ: ০৩ অক্টোবর ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা এর মতিঝিল, বনশ্রী ও মুগদা শাখায় ২০১৮ সালে ২য় ও ৩য় শ্রেণিতে ভর্তি পরীক্ষার খাতায় ঘষামাজা সংক্রান্ত আনীত অভিযোগের বিষয়ে তদন্ত কর্মকর্তার প্রতিবেদনে সত্যতা পাওয়ায় উক্ত অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুস্পষ্ট ব্যাখ্যা গ্রহণ করে ব্যাখ্যার আলোকে মতামত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি কোনো মতামত অত্র বিভাগে পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, উক্ত অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুস্পষ্ট ব্যাখ্যা গ্রহণ করে ব্যাখ্যার আলোকে মতামত আগামী ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

২২-১০-২০১৮

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,
শিক্ষা ভবন, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২৫২/১(৩)

তারিখ: ৭ কার্তিক ১৪২৫

২২ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) অধ্যক্ষ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা

৬৬৬৬

২২-১০-২০১৮

আনোয়ারুল হক

উপসচিব